পোস্টাল ভোট সফল হলে বিশ্বে দৃষ্টান্ত হবে বাংলাদেশ: সিইসি



সংগৃহীত ছবি

আসন্ন নির্বাচন প্রসঙ্গে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, দেশ এমন এক নতুন পরিস্থিতির মধ্যে প্রবেশ করেছে, যেখানে স্বাভাবিকভাবেই কিছু অনিশ্চয়তা রয়েছে। তিনি জানান, যেকোনো নতুন উদ্যোগে ভুলত্রুটি থাকতে পারে, তবে আলোচনার মাধ্যমে সেগুলো সমাধান করা সম্ভব।

মঙ্গলবার (২০ জানুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের অডিটোরিয়ামে রাজনৈতিক দলগুলোর সঙ্গে পোস্টাল ভোটিং ব্যবস্থা নিয়ে ব্রিফিংকালে এসব কথা বলেন সিইসি।

তিনি উল্লেখ করেন, শুরু থেকেই কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নিয়ে শঙ্কা ছিল, যা মোকাবিলা করা নির্বাচন কমিশনের জন্য বড় চ্যালেঞ্জ।

সোশ্যাল মিডিয়ায় বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর প্রসঙ্গ টেনে সিইসি সাংবাদিকদের ভূমিকার প্রশংসা করেন। তিনি বলেন, নানা অপপ্রচারের মধ্যেও সাংবাদিকদের দায়িত্বশীলতায় মানুষ সঠিক তথ্য জানতে পারছে।

পোস্টাল ব্যালট বিষয়ে তিনি জানান, এ নিয়ে যাঁরা উদ্বেগ প্রকাশ করেছেন, তাঁরা সরাসরি প্রকল্পের দায়িত্বশীলদের সঙ্গে কথা বলার সুযোগ পেয়েছেন।

ইতোমধ্যে ১২২টি দেশ থেকে প্রবাসীরা নিবন্ধন করেছেন। বিভিন্ন দেশের পোস্টাল ভোটিং পদ্ধতি ভিন্ন হলেও এসব চ্যালেঞ্জ মোকাবিলা করেই কমিশনের টিম কাজ করছে। সিইসি বলেন, পোস্টাল ভোট সফলভাবে বাস্তবায়ন করা গেলে আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের জন্য এটি একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত হবে।